# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
**পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫**
**ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩**
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১৯৬

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

**দপ্তরাদেশ**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে টানা বৃষ্টি এবং উজানের ঢলের কারণে ফেনী, লক্ষীপুর, নোয়াখালী ও কুমিল্লা অঞ্চলে সৃষ্ট আকস্মিক বন্যায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন বাঁধ ও স্থাপনা ক্ষতির সন্মুখীন। ফলে, উক্ত অঞ্চলের বিভিন্ন লোকালয়সমূহে আকস্মিক বন্যার ফলে দুর্যোগকালীন অবস্থার সৃষ্টি হয়েছে।

২। এমতাবস্থায়, বন্যার কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফেনী, লক্ষীপুর, নোয়াখালি ও কুমিল্লা অঞ্চলে কর্মরত বাপাউবো'র সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি জনস্বার্থে দুর্যোগকালীন সময়ের জন্য বাতিল করা হলো। উক্ত অঞ্চলসমূহে অবস্থিত বাপাউবো'র সকল দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষণিকভাবে কর্মক্ষেত্রে অবস্থানের নির্দেশনা প্রদান করা হলো। স্থানীয় প্রশাসন এবং সরকারের অন্যান্য দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে চলমান দুর্যোগকালীন অবস্থা মোকাবেলা করার নির্দেশ প্রদান করা হলো। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো,কুমিল্লা সার্বক্ষণিকভাবে চলমান দুর্যোগকালীন অবস্থা মোকাবেলা তদারকি করবেন।

৩। মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে এ দপ্তরাদেশ জারী করা হলো।

ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১৯৬ তারিখ: ০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি:**
১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১৯৬ তারিখ: ০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):**
১। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২। তত্ত্বধায়ক প্রকৌশলী, ফেনী পানি উন্নয়ন সার্কেল/কুমিল্লা পানি উন্নয়ন সার্কেল বাপাউবো, ফেনী/কুমিল্লা।
৩। পি. এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী, ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ফেনী।
৬। নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নোয়াখালী।
৭। নির্বাহী প্রকৌশলী, লক্ষীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, লক্ষীপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুমিল্লা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

৯/৭/২০২৫

অনীক এহ্‌সান
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)